গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০৫.২৪.৬৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার সম্ভাব্য সময়সূচি।**

সূত্র: ০১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০৫.২৪.২৪; তারিখ: ০৪ জানুয়ারি ২০২৬।
০২) প্রধান উপদেষ্টার কার্যালয়ের স্মারক নং-০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫.১০৩; তারিখ: ০৬ জানুয়ারি ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয় হতে সূত্রোক্ত ০১ নং স্মারকে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে প্রাপ্ত গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার সম্ভাব্য সময়সূচি এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়। পরবর্তীতে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে সূত্রোক্ত ০২ নং স্মারকে প্রাপ্ত গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার সম্ভাব্য সংশোধিত সময়সূচি সংক্রান্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, পত্রের মর্মানুযায়ী গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার সম্ভাব্য সংশোধিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্টদের প্রযোজ্য মতো স্বশরীরে বা অনলাইনে সংযুক্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-০১-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব
০২২২৩৩৫১৮০১
dsad2@mopme.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০৫.২৪.৬৫/১(৪)

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

২২ পৌষ ১৪৩২

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-১০৩

তারিখ ০৬ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সম্ভাব্য সময়সূচি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের মধ্যে ব্যাপক জনসচেতনতা তৈরি করতে সকল বিভাগীয়/জেলা কর্মকর্তা ও স্টেকহোল্ডদের সাথে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক, অধ্যাপক আলী রীয়াজ মহোদয় এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য), জনাব মনির হায়দার মহোদয়-এঁর সংযুক্তি সময়সূচি অনুয়ায়ী মত বিনিময় সভা আয়োজন করা প্রয়োজন। গত ৪ জানুয়ারি ২০২৬ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সাথে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়কের মধ্যকার বৈঠকে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় এ বিষয়ে সম্মতি প্রদান করেছেন।

২। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয় বিভাগীয় পর্যায়ে ইমাম সম্মেলন সকালে (সম্ভাব্য ১১.০০ ঘটিকায়) এবং বিভাগীয় পর্যায়ের সভা দুপুরে (সম্ভাব্য ২.০০ বা ২.৩০ ঘটিকায়) আয়োজন করতে অনুরোধ করেছেন।

৩। এমতাবস্থায়, গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে মত বিনিময় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) মহোদয় এঁর নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

১১/০১/২০২৬

মীর আলিফ রেজা
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২- ৫৫০২৯৫২২

বিতরণঃ

১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/ সচিব (সকল)।
৪। সিনিয়র সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।
৬। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
তেজগাঁও, ঢাকা

**<u>গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার সম্ভাব্য সময়সূচি</u>**

| ক্রমিক নং | বিভাগের নাম | সম্ভাব্য তারিখ ও বার | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | বরিশাল | ১১ জানুয়ারি, ২০২৬<br>রবিবার | সড়কপথে |
| ২। | রাজশাহী | ১২ জানুয়ারি, ২০২৬<br>সোমবার | বিমানযোগে |
| ৩। | রংপুর | ১৪ জানুয়ারি, ২০২৬<br>বুধবার | বিমানযোগে |
| ৪। | চট্টগ্রাম | ১৫ জানুয়ারি, ২০২৬<br>বৃহস্পতিবার | বিমানযোগে |
| ৫। | ঢাকা | ১৭ জানুয়ারি, ২০২৬<br>শনিবার | সড়কপথে |
| ৬। | ময়মনসিংহ | ১৯ জানুয়ারি, ২০২৬<br>সোমবার | সড়কপথে |
| ৭। | সিলেট | ২২ জানুয়ারি, ২০২৬<br>বৃহস্পতিবার | বিমানযোগে |
| ৮। | খুলনা | ২৪ জানুয়ারি, ২০২৬<br>শনিবার | সড়কপথে |